দৈনিক ইত্তেফাক

তারিখ ০3 DEC 1991
পৃষ্ঠা ২ কলাম ২

# ফ্রি ষ্টাইল নকল

যশোর অফিস ।। যশোর পলিটেকনিক ইনষ্টিটিউটে ডিপ্লোমার চূড়ান্ত পরীক্ষায় গতকাল (সোমবার) ফ্রি ষ্টাইলে নকল চলে। নকলে বাধা দেওয়ায় পরীক্ষার্থীরা হল হইতে সকল পরিদর্শককে জোরপূর্বক বাহির করিয়া দেয়। তাহাদের কেহ কেহ লোহার রড ও হকিষ্টিক লইয়া কতিপয় পরিদর্শকের উপর হামলার চেষ্টা চালায়। এই সময় সেখানে উপস্থিত ম্যাজিষ্ট্রেট ও পুলিশ নীরব দর্শকের ভূমিকা পালন করেন বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে। এদিকে বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতির যশোর শাখার এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দাবীতে এক শ্রেণীর উচ্ছৃঙ্খল ছাত্রের কার্যকলাপে উক্ত ইনষ্টিটিউটের শিক্ষকগণ নিরাপত্তার দারুণ অভাব বোধ করিতেছেন। গতকাল ইনষ্টিটিউটের সকল শিক্ষক পরবর্তী পরীক্ষাসমূহ পরিচালনায় অপারগতা প্রকাশ করিয়া সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট একযোগে অব্যাহতিপত্র দাখিল করেন।